**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ১৮ জানুয়ারি ২০১৬, ৫ মাঘ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ষড়যন্ত্র মোকাবিলা করে গার্মেন্টস খাত এগিয়ে নিচ্ছে সরকার : প্রধানমন্ত্রী

২। নৌ ও বিমান বাহিনী প্রধানের পদবি উন্নীত

৩। কানাডার সঙ্গে সরাসরি বিমান চালুর আহ্বান প্রধানমন্ত্রীর

৪। পাবলিক বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা নিরসনে শিক্ষক নেতাদের ডেকেছেন প্রধানমন্ত্রী

৫। কর্মবিরতি দিয়ে রোগীদের ভোগান্তি বাড়াবেন না : স্বাস্থ্যমন্ত্রী

৬। বাংলাদেশ ব্যাংকের ওপর সিএজিকে রিপোর্ট দেওয়ার সুপারিশ সংসদীয় কমিটির

৭। বেসরকারি স্কুল-কলেজে বর্ধিত টিউশন ফি আদায় বন্ধের নির্দেশ

৮। দেশ ও জাতির কল্যাণ কামনা করে বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব সমাপ্ত

৯। যানজটে বছরে ক্ষতি ২৩ হাজার কোটি টাকা

১০। নারীদের ৪০ শতাংশ কাজের কোনো মূল্যায়ন হয় না : অ্যাকশন এইড এর প্রতিবেদন

চলমান পাতা/২

**১।    ষড়যন্ত্র মোকাবিলা করে গার্মেন্টস খাত এগিয়ে নিচ্ছে সরকার : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তার সরকার সকল অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ষড়যন্ত্র মোকাবিলা করে দেশের তৈরি পোশাক খাতকে এগিয়ে নিয়ে যাচ্ছে। তিনি বলেন তৈরি পোশাক রফতানি বিঘ্নিত করার জন্য ষড়যন্ত্র করা হয়েছিল। কেবল দেশের অভ্যন্তরে নয়, আন্তর্জাতিক পর্যায়েও ষড়যন্ত্র করা হয়েছিল। তিনি আও বলেন, এখাতে সংশ্লিষ্ট ব্যবসায়ীদের পাশাপাশি সরকারের যথাযথ পদক্ষেপ গ্রহণ করার ফলে ষড়যন্ত্র সফল হতে পারেনি। বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এ্যাসেসিয়েশনের সভাপতি সিদ্দিকুর রহমানের নেতৃত্বে সংগঠনের নবনির্বাচিত কর্মকর্তারা গতকাল ১৭ জানুয়ারি রোববার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর তেজগাঁও কার্যালয়ে সাক্ষাত করতে গেলে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** ( শেষ পৃ,ক.১)।

**২।    নৌ ও বিমান বাহিনী প্রধানের পদবি উন্নীত**

নৌবাহিনী প্রধানের পদবি ‘ভাইস অ্যাডমিরাল’ থেকে ‘অ্যাডমিরাল’ এবং বিমান বাহিনী প্রধানের পদবি ‘এয়ার মার্শাল’ থেকে ‘এয়ার চিফ মার্শাল’-এ উন্নীত করেছে সরকার। গতকাল ১৭ জানুয়ারি রোববার প্রধানমন্ত্রীর কার্যালয়ে নৌবাহিনী প্রধান ভাইস অ্যাডমিরাল এম ফরিদ হাবিবকে ‘অ্যাডমিরাল’ ও বিমান বাহিনী প্রধান এয়ার মার্শাল আবু এসরারকে ‘এয়ার চিফ মার্শাল’ র‌্যাঙ্ক ব্যাজ পরিয়ে দেন প্রধানমন্ত্রীর নিরাপত্তা উপদেষ্টা মেজর জেনারেল (অব.)তারিক আহমেদ সিদ্দিক ও ভারপ্রাপ্ত সেনাপ্রধান লেফটেন্যান্ট জেনারেল আনোয়ার হোসেন। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**৩।    কানাডার সঙ্গে সরাসরি বিমান চালুর আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দু’দেশের পাস্পরিক স্বার্থে বাংলাদেশ ও কানাডার মধ্যে সরাসরি বিমান চালুর প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন। বাংলাদেশে কানাডার নবনিযুক্ত হাইকমিশনার বেনোইট পিয়েরে লারামি গতকাল ১৭ জানুয়ারি রোববার সকালে প্রধানমন্ত্রীর সঙ্গে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৩), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **অবজারভার** (শেষ পৃ,ক.৫)।

**৪।    পাবলিক বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা নিরসনে শিক্ষক নেতাদের ডেকেছেন প্রধানমন্ত্রী**

পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নেতাদের ডেকেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ ১৮ জানুয়ারি বিকেল সাড়ে ৪টায় গণভবনে তাদের এ সাক্ষাৎ হবে বলে সাংবাদিকদের জানিয়েছেন ফেডারেশনের সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. ফরিদ উদ্দিন আহমেদ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **প্রথম আলো** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৩),**ভোরের কাগজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## ৫। কর্মবিরতি দিয়ে রোগীদের ভোগান্তি বাড়াবেন না : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম কর্মবিরতির নামে রোগীদের ভোগান্তি না বাড়ানোর জন্য চিকিৎসকদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, আপনারা আন্দোলন করুন, কিন্তু কর্মবিরতি দিয়ে রোগীদের ভোগান্তিতে ফেলবেন না। গতকাল **১৭** জানুয়ারি রোববার জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল পরিদর্শন শেষে কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে স্বাস্থ্যমন্ত্রী বেতন বৈষম্যর প্রতিবাদে কর্মবিরতিতে যাওয়া চিকিৎসক, নার্স ও কর্মকর্তা কর্মচারীদের উদ্দেশে এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.১)।

## ৬। বাংলাদেশ ব্যাংকের ওপর সিএজিকে রিপোর্ট দেওয়ার সুপারিশ সংসদীয় কমিটির

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কার্যালয়কে এবার বাংলাদেশ ব্যাংকের কার্যক্রমের ওপর অডিট রিপোর্ট দেওয়ার সুপারিশ করেছে সংসদীয় কমিটি। গতকাল **১৭** জানুয়ায়ি রোববার জাতীয় সংসদে কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মহীউদ্দীন খান আলমগীর। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৭), **নিউ এজ** (শেষ পৃ,ক.২), **প্রথম আলো** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।



## ৭। বেসরকারি স্কুল-কলেজে বর্ধিত টিউশন ফি আদায় বন্ধের নির্দেশ

অভিভাবকদের আপত্তির পর সমালোচনার মুখে বেসরকারি স্কুল-কলেজের শিক্ষার্থীদের মাসিক বর্ধিত বেতন ও ফি আদায় বন্ধের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল **১৭** জানুয়ারি রোববার শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে একটি আদেশ জারি করেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **সংবাদ, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## ৮। দেশ ও জাতির কল্যাণ কামনা করে বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব সমাপ্ত

বিশ্বের লাখ লাখ ধর্মপ্রাণ মুসলমানের অংশগ্রহণের মাধ্যমে মহান সৃষ্টিকর্তার সন্তুটি লাভের আশায় গতকাল **১৭** জানুয়ারি রোববার **১১**টা ৫মিনিটে দ্বিতীয় পর্বের ইজতেমার আখেরি মোনাজাত শুরু হয়ে শেষ হয় **১১**টা ৩৩ মিনিটে। লাখো মুসল্লির আখেরি মোনাজাতে দেশ ও জাতির কল্যাণ কামনায় টঙ্গীর তুরাগ তীরে তাবলিগ জামাত আয়োজিত ৫১তম বিশ্ব ইজতেমার সমাপ্তি হয়েছে।সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **প্রথম আলো** ( পৃ.১ক.৪), **ইত্তেফাক** ( পৃ.১ক.১), **ডেইলি স্টার** ( পৃ.১ক.৮),

**ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৮),

## ৯। যানজটে বছরে ক্ষতি ২৩ হাজার কোটি টাকা

রাজধানীর ৭৩ ভাগ মানুষই যানজটের শিকার। একজন মানুষ গড়ে দিনের আড়াই ঘন্টা সময় যাতায়াত

করলে দেড় ঘন্টাই যানজটে আটকে থাকতে হয়। এতে প্রতিবছর সাড়ে ২৩ হাজার কোটি টাকার ক্ষতি হচ্ছে। গতকাল ১৭ জানুয়ারি রোববার সন্ধ্যায় রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট বাংলাদেশ আয়োজিত 'ট্রাফিক কনজেসশন ইন ঢাকা সিটি: ইসুজ চ্যালেঞ্জেস অ্যান্ড দি ওয়ে ফরোওয়ার্ড' শীর্ষক এক সেমিনারে বক্তারা এ তথ্য তুলে ধরেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.২), **প্রথম আলো** (শেষ পৃ,ক.২), **যুগান্তর** (পৃ.২ ক.৫), **নিউ নেশন** ( পৃ.১ ক.৫)।

**১০। নারীদের ৪০ শতাংশ কাজের কোনো মূল্যায়ন হয় না : অ্যাকশন এইড এর প্রতিবেদন**

নারীরা দৈনন্দিন কাজের অন্তত ৪০ শতাংশ কাজ পরিবার এবং স্বজনদের পেছনে ব্যয় করেন, কিন্তু তাদের কাজের কোনো মূল্যায়ন আর্থিক মূল্যে মূল্যায়িত হয় না। নারী অধিকার রক্ষা এবং নারীর প্রতি বৈষম্য দূর করার ক্ষেত্রে এধরনের কাজের মূল্যায়ন করা জরুরি বলে বলছে বেসরকারি সংস্থা অ্যাকশন এইড। সম্প্রতি দুটি জেলায় চালানো একটি গবেষণা বলছে, অমূল্যায়িত সেবা খাতে পুরুদের তুলনায় নারী অন্তত ৪০ ভাগ সময় বেশি ব্যয় করেন। কিন্তু তাদের এই কাজের কোনো স্বীকৃতি নেই। গ্রামাঞ্চলে নারী ও পুরুষ দিনের কতটা সময় কাজ করেন এ বিষয়ে তুলনামূলক এক গবেষণায় এই তথ্য তুলে এনেছে বেসরকারি সংস্থা অ্যাকশন এইড। সূত্র-**যায়যায়দিন** (শেষ পৃ,ক.৬), **প্রথম আলো** (পৃ.১২,ক.১), **সমকাল** (পৃ.১৯ ক.৪), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১ ক.৩)।

=৪=

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, সমকাল, ইনকিলাব,যায়যায়দিন, ডেইলি স্টার, ডেইলি সান, নিউজ টুডে** : রাজধানীর মৎস্য ভবন ও শাহবাগে আট ঘন্টার ব্যবধানে বাসচাপায় দুই শিশুর মৃত্যুতে গভীর দু:খ প্রকাশ করে সড়ক দুর্ঘটনার মাত্রা কমিয়ে আনতে আইনের কঠোর প্রয়োগের পাশাপশি যাত্রী ও পথচারীদের সতর্কতাও জরুরি বলে মন্তব্য।

খ. **ইত্তেফাক**: দখল-দূষণে শীতলক্ষ্যা ও বুড়িগঙ্গা নদীর অস্তিত্ব হুমকির সম্মুখীন হওয়ায় উদ্বেগ প্রকাশ করে নদীগুলো রক্ষা করতে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ, ইন্ডিপেনডেন্ট** : রাজধানীর নামিদামি বেসরকারি স্কুল ও কলেজগুলোতে শিক্ষার্থীদের কাছ থেকে বর্ধিত টিউশন ফি আদায় করায় নিন্দা জানিয়ে এ ধরণের অনিয়ম বন্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **সমকাল** : ঠাকুরগাঁও চিনিকলে যান্ত্রিক ক্রুটির কারণে বন্ধ থাকায় চাষিদের নিয়ে আসা আখ বিক্রি না হওয়ায় তা তাদের জন্য আর্থিক ক্ষতির কারণ হচ্ছে উল্লেখ করে এর জন্য কর্তৃপক্ষের গাফিলতি, অব্যবস্থাপনা ও দুর্নীতি দায়ী বলে মন্তব্য।

ঙ. **যুগান্তর, ইনকিলাব, ভোরের কাগজ, যায়যায়দিন** : নারায়ণগঞ্জে একই পরিবারের পাঁচ জনকে জবাই করে হত্যার নৃশংস ঘটনায় নিন্দা জানিয়ে এ ধরণের অপরাধ সংঘটনকারীদের চিহ্নিত করে বিচার দাবি।

চ. **ডেইলি স্টার :** আন্তর্জাতিক বাজার মূল্যের সাথে সামঞ্জস্য করে দেশে তেলের মূল্য কমানোর সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** অষ্টম জাতীয় পে-স্কেল নিয়ে সরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কর্মবিরতির সাথে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা কর্মবিরতি শুরু করায় সমস্যা আরও জটিল হওয়ার আশঙ্কা করে কর্তৃপক্ষকে এ বিষয়ে অতি দ্রুত সংলাপে বসার আহ্বান।

জ. **ডেইলি সান :** মশা নিধনে নিম্নমানের মশার কয়েল ব্যবহৃত হওয়ায় এর বিষাক্ত ধোঁয়ায় দরিদ্র জনগোষ্ঠীর এ্যাজমা, শ্বাসকষ্ট, এলার্জিসহ নানাবিধ স্বাস্থ্যগত জটিলতা সৃষ্টি হওয়ার আশঙ্কা করে কর্তৃপক্ষকে দ্রুত মশা নিধনে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঝ. **নিউ এজ :** চট্টগ্রামের কর্ণফুলী নদী দূষণ ও দখলে যেন বড়িগঙ্গার মত করুন পরিনতি লাভ না করে সেজন্য চট্টগ্রাম ওয়াসাকে শহরের স্যুয়ারেজের সহ নদীর তীরের শিপ কারখানাগুলোর বর্জ্য নদীতে না ফেলার ব্যবস্থা গ্রহণের আহ্বান।

ঞ. **নিউ নেশন :** সম্প্রতি এক সেমিনার দেশের ৫৬টি দূর্বল ব্যাংককে সবল ব্যাংকের সাথে একিভূত করে সক্ষম করে তোলার বিষয়ে যে প্রস্তাবনা দেওয়া হয়েছে তার সফল বাস্তবায়নের প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অপরাধ তদন্তের জন্য এই বিভাগের বাইরে একটি স্বাধীন তদন্ত বিভাগ বা কমিশন গঠন করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'বেড়েই চলছে সড়ক দুঘটনা'** শিরোনামের নিবন্ধে মীর আব্দুল আলীম সড়ক দুঘটনা রোধে পরিবহণ মালিক ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সমন্বিত আন্তরিক, সচেতন, দৃঢ় ও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা